গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল
www.tmed.gov.bd

বিষয়ঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মো: কামাল হোসেন সিনিয়র সচিব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
তারিখ	:	১২/০২/২০২২ খ্রিষ্টাব্দ।
সময়	:	বেলা ০৩.৩০ ঘটিকা।
স্থান	:	সভাকক্ষ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ রফিকুল ইসলাম বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের সফল বাস্তবায়নে সভাপতি সন্তোষ প্রকাশ করেন। পর্যায়ক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিকের বিভিন্ন সূচকের কার্যক্রম সভায় তুলে ধরেন। উল্লিখিত কার্যক্রমসমূহ বাস্তবায়নান্তে অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণক যথাসময়ে এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল-এ প্রেরণের জন্য সভাপতি সংশ্লিষ্ট অধিশাখা/শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণকে অনুরোধ করেন।

০২। অতঃপর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
১	বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এমপিও এবং অনুদান সংক্রান্ত সচেতনতা বৃদ্ধি	শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক যোগ্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে এমপিও প্রদান এবং শিক্ষক-কর্মচারী, শিক্ষার্থী ও শিক্ষা প্রতিষ্ঠানকে আর্থিক অনুদান প্রদান বিষয়ক কার্যক্রম চলাকালে এক ধরনের অসাধু চক্র ফায়দা লুটার জন্য নানা রকম গুজব রটনা করে এবং মিথ্যা আশ্বাসের মাধ্যমে সরলপ্রাণ মানুষদের প্রতারিত করার অপচেষ্টায় লিপ্ত থাকে। কিন্তু প্রকৃতপক্ষে নিয়মকানুন অনুসরণপূর্বক এমপিও এবং অনুদান প্রদান করা হয়। ২০২২-২৩ অর্থ বছরের অনুদান প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। এমতাবস্থায়, কেউ যেন এরূপ অসাধু চক্রের খপ্পরে না পড়ে সে লক্ষ্যে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে মর্মে আলোচনা হয়;	চলমান এমপিও ও অনুদান প্রদান কার্যক্রম সহজ করার লক্ষ্যে সচেতনতামূলক সভা আয়োজন ও পোস্টার, লিফলেট বিতরণ করতে হবে;	টিএমইডি; কারিগরি শিক্ষা অধিদপ্তর; মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
২	নির্ধারিত সময়ের মধ্যে নিজ নিজ অফিসে উপস্থিতি	আওতাধীন দপ্তর-সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণ যেন দেরি করে অফিসে উপস্থিত না হন সেদিকে নজরদারি বৃদ্ধির লক্ষ্যে আলোচনা হয়। সময়মতো কর্মস্থলে উপস্থিতির বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন। সঠিক সময়ে কর্মকর্তা-কর্মচারীগণ কর্মস্থলে	সকল কর্মকর্তা-কর্মচারী নির্ধারিত সময়ে নিজ নিজ অফিসে উপস্থিত হবেন এবং সময়ে সময়ে অফিস প্রধান তা মনিটরিং করবেন;	আওতাধীন সকল দপ্তর-সংস্থা

ক্র. নং	বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
		উপস্থিত না হলে এবং আন্তরিকতার সাথে দায়িত্ব পালন না করলে সেবা গ্রহীতাগণের ভোগান্তি বৃদ্ধি পেতে পারে। সেজন্য এ বিষয়ে বিশেষভাবে দৃষ্টিপাত করা হয়;		
৩	স্ব স্ব প্রতিষ্ঠানের সৌন্দর্য বর্ধন এবং স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন	শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের জন্য কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে স্ব স্ব প্রতিষ্ঠানে সৌন্দর্য বর্ধন ও স্যানিটেশন ব্যবস্থা উন্নতকরণের জন্য বিস্তারিত আলোচনা হয়;	নিজ নিজ অফিসে সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে বিশেষ পদক্ষেপ গ্রহণ, বৃক্ষ রোপণ কার্যক্রম গ্রহণ ও শিক্ষক-কর্মচারীদের জন্য স্যানিটেশন ব্যবস্থা উন্নত করতে হবে;	আওতাধীন সকল দপ্তর-সংস্থা

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ কামাল হোসেন)
সিনিয়র সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

নং- ৫৭.০০.০০০০.১৪৩.১৬.০০৩.২০-

তারিখ: ৩০ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা।
৪। যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৬। চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড, অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
৭। পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৮। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুর।
৯। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১। প্রোগ্রামার, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১২। অফিস কপি।

১৩.০২.২০২৩
(রুজিনা সুলতানা)
উপসচিব